

Psa

Chapter 104

Bengali Interlinear

Reference: Bengali Bible

1 בְּרָכִי נַפְשִׁי אֶת-יְהוָה יְהוָה וְהוֹדָה לְבָשֶׁת׃
H3847 H1926 H1935 H3966 H1431 H0430 H3068 H3068 H0853 H5315 H1288

হে আমার আত্মা প্রভুর প্রশংসা কর! হে প্রভু আমার ঈশ্বর, আপনি মহান! মহিমা এবং সম্মান সহ সজ্জিত।

2 עֲטָה-אֹר כְּשֶׁלֶמָה נֹטָה שָׁמַיִם כִּירְיָעָה׃
H3407 H8064 H5186 H8008 H0216

যেমন করে মানুষ জামাকাপড় পরে, তেমন করে আপনি আলোক পরিধান করেন। আপনিই আকাশকে পর্দার মত বিস্তৃত করেছেন।

3 הַמִּקְרָה בָּמַיִם עַל-יֹתֵיךָ הַשָּׁמַיִם עָבִים רְכִיבֹךָ קָמַחֲלָךְ עַל-כְּנָפֶיךָ רִיחַ׃
H7307 H3671 H1980 H7398 H5645 H5944 H4325

ঈশ্বর তার ওপরে আপনি আপনার গৃহ নির্মাণ করেছেন। ঘন মেঘকে রথের মত ব্যবহার করে, বাতাসের ডানায় ভর করে আপনি সারা আকাশে ঘুরে বেড়ান।

4 עָטָה מְלָאכָיו רִיחֹת מִשְׁרָתֵיךָ אֵשׁ לֶהֱטֹ׃
H3857 H0784 H8334 H7307 H4397

ঈশ্বর, আপনার দূতদের আপনি বাতাসের মত এবং আপনার দাসদের আগুনের মত করে সৃষ্টি করেছেন।

5 יָסַד-אָרֶץ עַל-מְכוּנֶיהָ בַּל-תָּמוּט עוֹלָם וָעֶד׃
H5703 H5769 H4131 H1077 H4349 H0776 H3245

ঈশ্বর, পৃথিবীকে আপনি তার শক্তভিতের ওপর নির্মাণ করেছেন, তাই পৃথিবী কখনও পড়ে যাবে না।

6 תָּהוֹם כָּל־בֹּשׂ כִּסִּיתֹךָ עַל-הָרִים יַעֲמְדוּ מַיִם׃
H4325 H5975 H2022 H3680 H3830 H8415

কম্বলের মত আপনি তাকে জল দিয়ে ঢেকে দিয়েছেন। জলরাশি পর্বতকে ঢেকে দিয়েছে।

7 מִן-יַעֲרֵתָּ יָנוּסוּן מִן-קוֹל רָעֲמָךְ יִחַפְּזוּן׃
H2648 H7482 H5127 H1606

কিন্তু আপনি নির্দেশ দিয়েছিলেন তাই জলও সরে গিয়েছিলো। ঈশ্বর আপনি জলের দিকে চেয়ে উচ্চস্বরে নির্দেশ দিয়েছিলেন এবং জলরাশি সরে গিয়েছিলো।

8 יַעֲלֹ הָרִים יִרְדּוּ בִקְעוֹת אֶל-מְקוֹם יָהּ יִסְדָּתָּ לָהֶם׃
H1992 H3245 H2088 H4725 H0413 H1237 H3381 H2022 H5927

সেই জলরাশি পর্বতসমূহ থেকে বয়ে গিয়ে পড়েছিলো উপত্যকার মধ্যে এবং তারপর তার জন্য যে নির্দিষ্ট জায়গা আপনি তৈরী করেছিলেন সেখানে ঝরে পড়েছিলো।

9 גְּבוּל־ שְׁמֹתָ בַל־ יַעֲבְרוּן בַל־ יָשׁוּבוּן לְכֹסֶת הָאָרֶץ:
H1366 H1077 H1077 H0776 H3680 H725

আপনিই সমুদ্রের সীমা নির্ধারণ করেছেন। অতএব, জলরাশি আর অত উঁচুতে উঠবে না যাতে পৃথিবী পুনরায় ঢেকে যেতে পারে।

10 הַמְּשַׁלַּח מַעֲיָנִים בְּנִחָלִים בֵּין הָרִים יִהְלֹכוּ:
H7971 H4599 H0996 H2022 H1980

ঈশ্বর, আপনিই প্রস্রবণের জলকে নদীর ধারায় প্রবাহিত করিয়েছেন। পার্বত্য ধারা বেয়ে তা নীচে নেমে আসে।

11 יִשְׁקוּ כָּל־ חַיָּתוֹ שָׂרֵי יִשְׁבָּרוּ פְּרָאִים צִמָּאִם:
H8248 H3605 H7665 H6501 H6772

সেই জলধারা সব বন্য প্রাণীদের পানীয় জল দেয়। এমন কি বুনো গাধারাও এখানে জল পান করতে আসে।

12 עָלֵיהֶם עֹף־ הַשָּׁמַיִם יִשְׁבּוּן מִבֵּין אֶפְרָאִים יִתְנוּ קוֹל:
H5775 H8064 H7931 H0996 H6073 H5414

জলের ধারে বুনো পাখিরা বাস করতে আসে, কাছাকাছি গাছের ডালে বসে তারা গান গায়।

13 מִשְׁקָה הָרִים מַעְלִיּוֹתָיו מִפָּרִי מַעְשֵׂיָּהּ תִּשְׁבַּע הָאָרֶץ:
H8248 H2022 H5944 H6529 H4639 H7646 H0776

ঈশ্বর, পর্বত বেয়ে বৃষ্টি পাঠান। যে সব জিনিস ঈশ্বর সৃষ্টি করেছেন সেগুলি পৃথিবীর যা কিছু প্রয়োজন তার সবই জোগান দেয়।

14 מִצְמִיחַ וַחֲצִיר לְבַהֲמָה וְעֵשֶׂב לְעֹבְדַת הָאָדָם לְהוֹצִיא לָחֶם מִן־ הָאָרֶץ:
H6779 H0929 H6212 H5656 H0120 H3318 H3899 H0776

পশুদের জন্য তিনি ঘাস দিয়েছেন। আমরা আমাদের কঠিন পরিশ্রম দিয়ে যে উদ্ভিদগুলি রোপন করি তাও তিনিই দেন, ওই সব গাছ মাটি থেকে আমাদের খাদ্য দেয়।

15 וַיֵּין וְיִשְׁמָח לְבַב־ אֲנוֹשׁ לְהַצְחִיל פָּנִים מִשְׁמֵן וְלָחֶם לְבַב־ אֲנוֹשׁ יִסְעָר:
H3196 H8055 H3824 H0582 H6440 H8081 H3899 H3824 H0582 H5582

যে দ্রাক্ষারস আমাদের সুখী করে, যে তেল আমাদের চামড়া নরম রাখে, যে খাদ্য আমাদের শক্তিশালী করে সে সবই ঈশ্বর আমাদের দেন।

16 יִשְׁבְּעוּ עַצְמֵי יְהוָה אֲרָזִי לְבָנוֹן אֲשֶׁר נִטָּע:
H7646 H6086 H3068 H0730 H3844 H5193

লিবানোনের মস্ত বড় এরস গাছগুলো ঈশ্বরের। প্রভুই ওই গাছগুলো লাগিয়েছেন এবং ওদের প্রয়োজনীয় জল তিনিই দিয়েছিলেন।

17 אֲשֶׁר־ שָׁם צִפְרִים יִקְנֶנוּ חֲסִידָה בְּרוּשִׁים בֵּיתָה:
H8033 H6833 H7077 H2624 H1265

ওই গাছগুলোতে চড়ুই থেকে শুরু করে সারস পর্যন্ত সব পাখি বাসা করেছে।

18 הָרִים הַגְּבֹהִים לַיַּעֲלִים סְלָעִים מַחֲסֶה לְשֹׁפְנִים:
H2022 H1364 H3277 H5553 H4268

উঁচু পর্বতে বুনো ছাগলরা থাকে। বিশাল বিশাল পাথরের মধ্যে পাহাড়ী ভৌদড় লুকিয়ে থাকে।

19 עֲשֵׂה יָרַח לְמוֹעֲדִים שָׁמַשׁ יָדַע מְבוֹאֹוֹ:
H3394 H4150 H8121 H3045 H3996

| হে ঈশ্বর, কবে ছুটি শুরু হবে তা বলে দেওয়ার জন্য আপনি আমাদের চাঁদ দিয়েছেন। এবং কখন অন্ত যেতে হবে সূর্য তা সব সময়েই জানে।

20 תְּשִׁיב תְּשִׁיבָה נִיחִי לִילָה בּוֹ- תְּרַמֵּשׂ כָּל- חַיִּתוֹ- יֵעָר:
H7896 H2822 H1961 H3915 H7430 H3605

| রাত্রি হবার জন্য আপনি অন্তকার সৃষ্টি করেছেন, সেই সময় হিংস্র পশুরা বেরিয়ে আসে এবং ঘুরে বেড়ায়।

21 הַכְּפִירִים שְׁאֵנִים לְטָרֶף וּלְבָקָשׁ מֵאֵל אֲכָלִים:
H7580 H2964 H1245 H0410 H0400

| আক্রমণের সময় সিংহ গর্জন করে ওঠে, ঈশ্বর যে খাদ্য তাদের দেন তা যেন তারা গর্জন করে চাইতে থাকে।

22 הַזֵּרֶחַ הַשָּׁמֶשׁ יֹאסֶפֶן וְאֵל- מְעֹנָתָם יִרְבְּצִין:
H2224 H8121 H0622 H0413 H4585 H7257

| তারপর সূর্য ওঠে এবং পশুরা তাদের ঘরে গিয়ে বিশ্রাম করে।

23 יֵצֵא אָדָם לְפַעֲלוֹ וּלְעִבְדָתוֹ עָרִי- עָרָב:
H3318 H0120 H6467 H5656 H5704 H6153

| তারপর লোকরা যে যার কাজে যায় এবং তারা সন্ধ্যা পর্যন্ত কাজ করে।

24 מָה- רָבוּ וּמַעֲשֵׂיָהּ יְהוָה כָּל־ בְּחֻמָּה עֲשִׂיתָ מְלָאָה הָאָרֶץ קִנְיָה:
H4100 H7231 H4639 H3068 H3605 H2451 H4390 H0776 H7075

| হে ঈশ্বর, আপনি অনেক বিস্ময়কর কাজ করেছেন। আপনার সৃষ্ট জিনিসে এই পৃথিবী পূর্ণ। আপনি যা কিছু করেন, তার মধ্যে আমরা আপনার প্রজ্ঞা দেখি।

25 וְהָ- הַיָּם גְּדוֹלָה וְרֵתֵב יָרִים שָׁם- רָמַשׁ וְאֵין מִסָּפָר חַיִּוֹת קְטַנּוֹת עַם- גְּדֻלוֹת:
H2088 H3220 H7342 H3027 H8033 H7431 H0369 H4557

| সাগরের দিকে দেখ তা কত বড়! সাগরের মধ্যে কত রকম ছোট এবং বড় প্রাণীসমূহ আছে যা গোনা যায় না!

26 שָׁם אֲנִיּוֹת יַחֲלִכִין לְוִיָּתָן זֶה- יֵצֵאת לְשַׁחֵק בּוֹ:
H8033 H0591 H1980 H3882 H2088 H3335 H7832

| আপনার সৃষ্ট লিবিয়াথন যখন সমুদ্রে খেলা করে, তখন জাহাজসমূহ সমুদ্র পারাপার করে।

27 כָּל־ אֱלֹהֵי יִשְׁבָּרוֹן לָתֵת אֲכָלִים בְּעֵתוֹ:
H3605 H0413 H5414 H0400 H6256

| ঈশ্বর, ওই সব জিনিসই আপনার ওপর নির্ভর করে। যথাসময়ে আপনি ওদের খাদ্য দেন।

28 תִּתֵּן לָהֶם יִלְקָטִין תַּפְתָּח יָרֵךְ יִשְׁבָּעִין טוֹב:
H5414 H1992 H3950 H3027 H7646

| সব জীবন্ত প্রাণীকেই আপনি তাদের আহারের খাদ্য দেন। ভালো ভালো খাবারে ভর্তি করে আপনি আপনার করযুগল উন্মুক্ত করেন এবং তারা সন্তুষ্ট না হওয়া পর্যন্ত আহার করে যায়।

29 תַּסְתִּיר פְּנִיָּה יִבְהַלּוּ הַטָּהַר רִוּחַם יִנּוּעוֹן וְאֶל-עַפְרָם יִשׁוּבוּן:
H5641 H6440 H0926 H0622 H7307 H1478 H0413 H6083 H7725

কিন্তু যখন আপনি ওদের থেকে বিমুখ হওয়া ভয় পেয়ে যায় | ওদের আত্মা ওদের ছেড়ে যায়, ওরা দুর্বল হয়ে পড়ে এবং মারা যায় এবং ওদের দেহ আবার ধুলোয় পরিণত হয়!

30 תְּשַׁלַּח רִוּחַ יִבְרָאוֹן וְתַחֲדָשׁ פְּנֵי אֲדָמָה:
H7971 H7307 H2318 H6440 H0127

কিন্তু যখন আপনি আপনার আত্মাকে পাঠালেন, প্রভু, তখন ওরা আবার স্বাস্থ্যবান হল | দেশটিকে আপনি আবার নতুন করে তোলেন!

31 יְהִי כְבוֹד יְהוָה לְעוֹלָם יִשְׁמַח יְהוָה בְּמַעֲשָׁיו:
H1961 H3519 H3068 H5769 H8055 H3068 H4639

প্রভুর মহিমা চিরদিন বিরাজ করুক! ঈশ্বর যা সৃষ্টি করেছেন তা তিনি উপভোগ করুন |

32 הַמִּבִּיט לְאֶרֶץ וְתַרְעַר יָנֹעַ בְּהָרִים וַיַּעֲשֶׂנוּ:
H5027 H0776 H7460 H5060 H2022 H6225

প্রভু যদি একবার পৃথিবীর দিকে তাকান পৃথিবী কেঁপে যাবে | পর্বতকে তিনি স্পর্শ করলে সেখান থেকে ধোঁয়া বেরোতে থাকবে |

33 אֲשִׁירָה לַיהוָה בְּחַיִּי אֲזַמְּרָה לְאֱלֹהֵי בְּעוֹרִי:
H7891 H3068 H2167 H0430 H5750

আমার সারা জীবন আমি ঈশ্বরের উদ্দেশ্যে গান গাইব | যতক্ষণ আমি বেঁচে থাকবো, আমি প্রভুর প্রশংসা গীত গাইব |

34 יַעֲרֹב עָלָיו שִׁיתִי אֲזֹכִי אֲשַׁמַּח בִּיהוָה:
H6149 H7879 H0595 H8055 H3068

আমি যা বলেছি, তা যেন ঈশ্বরকে সন্তুষ্ট করে | প্রভুর সঙ্গ লাভ করে আমি খুশী |

35 יִתְמוּ וַחֲטָאִים מִן-הָאָרֶץ וַיִּשְׁעִים עוֹד אֵינָם בְּרָכִי נִפְשִׁי אֶת-יְהוָה הַלֵּלוּ
H8552 H2400 H0776 H7563 H5750 H0369 H1288 H5315 H0853 H3068
יְהוָה:
H3050

পাপ যেন পৃথিবী থেকে অদৃশ্য হয়ে যায় | দুই লোকদের অস্তিত্ব যেন আর না থাকে | হে আমার আত্মা, প্রভুর প্রশংসা কর! প্রভুর প্রশংসা কর!